**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ শেষ হয়েছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, পিএম-জনমন এবং ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্পে এডিসি এলাকায় ৩৯টি হোস্টেল তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পাওয়া গেছে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারতীয় রিজার্ভ ব্যাংক ডিজিটাল লেনদেনে ভারতকে বিশ্বনেতা করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে ।**

**(৪) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটে কসমোপলিটন ক্লাব ও ব্লাডমাউথ ক্লাব সেমিফাইনালে উঠেছে ।**

*******************************************

**Assembly Aession Adjourned :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ শেষ হয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ বিকেলে অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবী ঘোষণা করেন। এটি ছিল ত্রয়োদশ বিধানসভার ৭ম অধিবেশন। গত ২১ শে মার্চ বিধানসভার বাজেট অধিবেশন শুরু হয়েছিল। সাত দিন ধরে চলে অধিবেশন।

****************************

**CM-Education :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, পিএম-জনমন এবং ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান এই দুটি প্রকল্পে এডিসি এলাকায় ৩৯টি হোস্টেল তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পাওয়া গেছে। আজ বিধানসভায় রেফারেন্স পিরিয়ডে বিধায়ক পাঠানলাল জমাতিয়ার জনস্বার্থে আনা এক নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী এতথ্য জানান। তিনি জানান, এডিসি পরিচালিত বিদ্যালয়গুলির ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদানে রাজ্য সরকার বদ্ধপরিকর। তাই এডিসি এলাকায় বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে মোট ৭০৯ জন শিক্ষককে গুণগত শিক্ষা প্রদান করার জন্য ডেপুটেশনে পাঠানো হয়েছে এবং তাদের বেতন বাবদ ২০২৪-২৫ অর্থবছরে এখন পর্যন্ত ৬৬ কোটি ৯৮ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

মুখ্যমন্ত্রী জানান, এডিসি এলাকার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি সঠিক পুষ্টি যোগান দেওয়া এবং বিদ্যালয়ে আসার জন্য আগ্রহী করে তুলতে পিএম-পোষণ প্রকল্পের অধীনে এডিসি এলাকার প্রতিটি উচ্চ ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে রান্না করা খাবার দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এরজন্য প্রতিবছর এডিসি কর্তৃপক্ষকে গড়ে ৫ কোটি ৩৮ লক্ষ টাকা দেওয়া হয়।

*****************************

**Assembly-8th Pay Comission :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, অষ্টম পে কমিশন গঠন করার বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন। যথাযথ সময়ে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। আজ রাজ্য বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক গোপাল চন্দ্র রায়ের এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এতথ্য জানিয়েছেন। বিধায়ক সুদীপ রায় বর্মনের এক প্রশ্নের উত্তরে তিনি জানান, ষোড়শ অর্থ কমিশনের কাছে রাজ্যের আর্থিক অবস্থা সম্পর্কে সবকিছু জানানো হয়েছে। অর্থ কমিশন রাজ্যের আর্থিক অবস্থার প্রশংসা করেছে। রাজ্য সরকার কেন্দ্রের সঙ্গে রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘভাতা প্রদানের যে ব্যবধান রয়েছে তা ক্রমান্বয়ে কমানোর চেষ্টা করছে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

****************************

**Assembly–Pipe Line Gas :**

শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা জানিয়েছেন, রাজ্যে আরো ছয়টি জেলা-খোয়াই, সিপাহীজলা, উত্তর ত্রিপুরা, দক্ষিন ত্রিপুরা, উনকোটি ও ধলাই জেলায় পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি রান্নার গ্যাস সরবরাহ করা হবে। আজ বিধানসভায় বিধায়ক অন্তরা সরকার দেব-এর এক দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে তিনি একথা জানান। তিনি জানান, TNGCL বর্তমানে পশ্চিম জেলা ও গোমতী জেলায় পাইপ লাইনের মাধ্যমে মোট ৬০ হাজার ৫৫৯টি বাড়িতে রান্নার গ্যাস সরবরাহ করছে।

**************************

**Assembly–Health :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে চার শতাধিক চিকিৎসক নিয়োগের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। বিধানসভায় আজ বিধায়ক অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী এতথ্য জানিয়েছেন। তিনি জানান, জুনিয়র মেডিকেল অফিসারের ২২৪টি পদে, স্পেশালিস্ট মেডিক্যাল অফিসারের ১৭২টি পদে এবং সুপার স্পেশালিস্টের ১৬টি পদ পূরণের উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়া মেডিক্যাল অফিসার (আয়ুর্বেদ), টি.এ.এস.-র গ্রেড-IV-এর ১৩টি পদ এবং মেডিক্যাল অফিসার (ডেন্টাল) টি.ডি.এস.-র গ্রেড-।-এর ৬টি পদ পূরণের লক্ষ্যেও উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, স্বাস্থ্য দপ্তরের নার্সিং অফিসারের মোট অনুমোদিত পদের সংখ্যা ২ হাজার ৬৬৮। এর মধ্যে রাজ্যে বর্তমানে ২ হাজার ২৩৬ জন কর্মরত রয়েছেন। শূন্য পদ রয়েছে ৪৩২টি।

*****************************

**Assembly–Condolence :**

রাজ্য বিধানসভায় আজ প্রাক্তন বিধায়ক ঝুমু সরকারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন প্রয়াত বিধায়কের জীবনের বিভিন্ন দিক তুলে ধরে স্মৃতিচারণ করেন এবং তার পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জানান। বিধানসভার সদস্য-সদস্যাগণ ২ মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করে প্রয়াত প্রাক্তন বিধায়কের প্রতি শ্রদ্ধা জানান।

***************************

**TBSE Board :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উত্তর পত্র মূল্যায়নের কাজ আগামীকাল থেকে শুরু হবে। চলবে ১৫ই এপ্রিল পর্যন্ত। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী আজ এখবর জানান। তিনি জানান, বড়দোয়ালী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং নেতাজী সুভাষ বিদ্যানিকেতনে উচ্চ মাধ্যমিক বাণী বিদ্যাপীঠ, বিজয় কুমার বালিকা বিদ্যালয়, বোধজং বালিকা বিদ্যালয় এবং কামিনী কুমার সিংহ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President-RBI :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারতীয় রিজার্ভ ব্যাংক দেশের লেনদেন পরিকাঠামোকে ক্রমাগত আধুনিকীকরণ এবং একটি প্রাণবন্ত ফিনটেক ইকোসিস্টেমকে লালন করে ডিজিটাল লেনদেনে ভারতকে বিশ্বনেতা করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজ মুম্বাইতে আরবিআই-এর ৯০তম প্রতিষ্ঠাবার্ষিকীর সমাপনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে, গত নয় দশক ধরে এই ব্যাংকের অসাধারণ যাত্রা সরকারের দৃষ্টিভঙ্গি এবং নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

########Byte-President#######

......................................................................

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে উড়িয়া সমাজ ত্রিপুরা আয়োজিত উৎকল দিবসের উদ্বোধন করেন। রাজ্যপাল উড়িষ্যার ঐতিহ্যবাহী সংস্কৃতির সংরক্ষনের উপর গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল ত্রিপুরার উপজাতিদের নিজস্ব ঐতিহ্যবাহী সংস্কৃতিরও প্রশংসা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উড়িয়া সমাজ - ত্রিপুরার সভাপতি বিষ্ণু চরণ পতি, বন দপ্তরের পিসিসিএফ রবীন্দ্র কুমার মিশ্র, ওএনজিসির ত্রিপুরা এসেট ম্যানেজার সঞ্জীব কুমার জঞ্জুয়া প্রমুখ।

****************************************

**TSR-Dhalai :**

ধলাই জেলার কচুছড়াস্থিত টিএসআর তৃতীয় বাহিনীর সদর দপ্তরে আজ বাহিনীর ২৯তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। উদ্বোধন করেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন। উপস্থিত ছিলেন আইজিপি টিএসআর

কেরি মারাক, ডিআইজি নর্দানরেঞ্জ রতি রঞ্জন দেবনাথ, বাহিনীর কমান্ডেন্ট বিনয় কিশোর দেববর্মা, ধলাই জেলার পুলিশ সুপার মিহির লাল দাস। প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১০১ জন জওয়ান স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে চিত্র প্রদর্শনী এবং বাহিনীর জওয়ানদের হাতে তৈরি বিভিন্ন ধরনের উৎপাদিত ফসল এবং পণ্য সামগ্রী নিয়ে স্টল খোলা হয় এবং শহীদ পরিবারের সদস্যদের সম্মান জানানো হয়।

****************************

**Blood Donation :**

বাধারঘাট বিধানসভা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক দিলীপ সরকারের ষষ্ঠ মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে আজ এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠান ও রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ৩০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। প্রয়াতের চারিপাড়াস্থিত বাসভবনে আয়োজিত এই অনুষ্ঠানে বিধায়িকা মীনা রানী সরকার, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, নিগমের সাউথ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, বি,জে, পি সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, বাধারঘাট মন্ডল সভাপতি মণীশ দেব প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**Hot Weather-ARDD :**

তীব্র তাপপ্রবাহের কারণে পশু-পাখিদের যত্ন ও সুরক্ষায় ঊনকোটি জেলাতে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে এই সময়ে করণীয় সম্পর্কে প্রচার করা হচ্ছে। গবাদি পশুদের অপেক্ষাকৃত ঠান্ডা জায়গায় রাখা, পর্যাপ্ত পরিমাণে জল পান করানো, রৌদ্রে না চড়ানো ইত্যাদি বিষয়ে পরামর্শ দেওয়া হচ্ছে। আলো-বাতাস চলাচল করে এমন ঘরে তাদের থাকার ব্যবস্থা করা, পরিশ্রুত জল দিয়ে দিনে অন্ততঃ দু'বার স্নান করানোর কথা বলা হচ্ছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহ-অধিকর্তা ডাঃ তপন রায় জানান,

প্রচন্ড গরমে পশুপাখিদের স্বাস্থ্য সুরক্ষায় কৈলাশহর সহ গোটা ঊনকোটি জেলা জুড়ে প্রচার চালানো হচ্ছে।

*******************************

**Chaitra Mela :**

আজ থেকে আগরতলা শহরে চৈত্র মেলা শুরু হয়েছে। চলবে আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত। শকুন্তলা রোড, ওরিয়েন্ট চৌমুহনী, চিলড্রেন্স পার্ক সংলগ্ন এলাকায় ব্যবসায়ীরা তাদের পসরা সাজিয়ে বসেছেন।

********************************

**India-Chile :**

ভারত ও চিলি আজ দুর্যোগ ব্যবস্থাপনা এবং সাংস্কৃতিক বিনিময়ে সহযোগিতার জন্য চুক্তি বিনিময় করেছে। উভয় পক্ষই অ্যান্টার্কটিকা সহযোগিতার বিষয়ে আকাঙ্ক্ষা পত্রও বিনিময় করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে চিলির রাষ্ট্রপতি গ্যাব্রিয়েল বোরিক ফন্টের সাথে ভারত-চিলি সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

প্রেস বিবৃতিতে, শ্রী মোদী বলেছেন যে চিলি ল্যাটিন আমেরিকায় ভারতের জন্য একটি গুরুত্বপূর্ণ বন্ধু এবং অংশীদার। তিনি বলেন, ভারত চিলিকে অ্যান্টার্কটিকার প্রবেশদ্বার হিসেবে দেখে। তিনি বলেন, আজকের আলোচনায় উভয় নেতা আগামী দশকে সহযোগিতা বৃদ্ধির জন্য বেশ কয়েকটি নতুন উদ্যোগ চিহ্নিত করেছেন। প্রধানমন্ত্রী আরও উল্লেখ করেন যে গুরুত্বপূর্ণ খনিজ ক্ষেত্রে অংশীদারিত্ব আরও জোরদার করা হবে এবং স্থিতিশীল সরবরাহ এবং মূল্য শৃঙ্খল প্রতিষ্ঠার জন্য প্রচেষ্টা করা হবে। তিনি বলেন যে উভয় দেশ কৃষিক্ষেত্রে একে অপরের সক্ষমতা কাজে লাগিয়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সহযোগিতা করবে। তিনি বলেন, চিলির জনগণ যোগকে একটি স্বাস্থ্যকর জীবনধারা হিসেবে গ্রহণ করেছে এবং চিলিতে ৪ঠা নভেম্বরকে জাতীয় যোগ দিবস হিসেবে ঘোষণা করা সকলের জন্য অনুপ্রেরণামূলক।

******************************

**Knockout Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটে কসমোপলিটন ক্লাব ও ব্লাডমাউথ ক্লাব সেমিফাইনালে উঠেছে। আজ আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে কসমোপলিটান ক্লাব ৯ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে ব্লাডমাউথ ক্লাব ১ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে হারিয়ে দেয়। আগামী ৩ এপ্রিল দুটি সেমিফাইনাল ম্যাচ হবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলার দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

******************************